# PAPER PROCESSING & PACKAGING LTD.
# পেপার প্রসেসিং এন্ড প্যাকেজিং লিমিটেড

## ৫ম বিশেষ সাধারণ সভার নোটিশ

**পেপার প্রসেসিং এন্ড প্যাকেজিং লিঃ** এর সম্মানিত শেয়ারহোল্ডারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোম্পানীর ৫ম বিশেষ সাধারণ সভা আগামী ২৮ ফেব্রুয়ারী, ২০২২ইং সকাল ১১.০০ মিঃ এ ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে।

**আলোচ্যসূচী ঃ**

১। কোম্পানীর অনুমোদিত মূলধন বৃদ্ধির অনুমোদন।

**যথাযথভাবে বিবেচনা এবং যথোপযুক্ত মনে হলে নিম্নোক্ত সিদ্ধান্তটি বিশেষ সিদ্ধান্ত হিসাবে অনুমোদন করা ঃ**

ক) পেপার প্রসেসিং এন্ড প্যাকেজিং লিঃ এর অনুমোদিত মূলধন ২৫,০০,০০,০০০/- টাকা (পঁচিশ কোটি টাকা) থেকে ৬০,০০,০০,০০০/- টাকা (ষাট কোটি) টাকায় বৃদ্ধি করা হোক।

খ) পেপার প্রসেসিং এন্ড প্যাকেজিং লিঃ এর সংঘ স্মারক এর ৫ম ধারার বর্ণনা **"কোম্পানীর অনুমোদিত মূলধন ২৫,০০,০০,০০০/- (পঁচিশ কোটি) টাকা যা প্রতিটি ১০.০০ (দশ) টাকা মূল্যের ২,৫০,০০,০০০ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) সাধারণ শেয়ারে বিভক্ত। বর্তমানে কোম্পানীর সংগঠন বিধিতে চিহ্নিত সকল অধিকার, সুবিধা ও শর্তাবলী প্রত্যেক শেয়ারের সাথে সংশ্লিষ্ট। বর্তমানে কোম্পানীর ক্ষমতা আছে মূলধন বৃদ্ধি বা হ্রাস করার। কোম্পানীর সংগঠন বিধি অনুসারে শেয়ারসমূহ বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করে প্রত্যেক শ্রেণীর শেয়ারের সঙ্গে প্রেফারেন্সিয়াল, ডেফার্ড, কোয়ালিফাইড বা বিশেষ অধিকার, সুবিধা ও শর্তাবলী সংযুক্ত করার ক্ষমতাও কোম্পানীর থাকবে। কোম্পানী বিভিন্ন সময়ে যেরূপ সিদ্ধান্ত করবে তদানুসারে উপরোক্ত যে-কোন অধিকার পরিবর্তন, সংশোধন বা বাতিল করতে পারবে।"** নিম্ন বর্ণনা দ্বারা প্রতিস্থাপন করা হোক ঃ

**"কোম্পানীর অনুমোদিত মুলধন ৬০,০০,০০,০০০/- টাকা (ষাট কোটি) টাকা যা প্রতিটি ১০/- (দশ) টাকা মূল্যের ৬,০০,০০,০০০ (ছয় কোটি) সাধারণ শেয়ারে বিভক্ত। বর্তমানে কোম্পানীর সংগঠন বিধিতে চিহ্নিত সকল অধিকার, সুবিধা ও শর্তাবলী প্রত্যেক শেয়ারের সাথে সংশ্লিষ্ট। কোম্পানীর ক্ষমতা আছে মূলধন বৃদ্ধি বা হ্রাস করার। কোম্পানীর সংঘবিধি অনুসারে শেয়ারসমূহ বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করে প্রত্যেক শ্রেণীর শেয়ারের সঙ্গে প্রেফারেন্সিয়াল, ডেফার্ড, কোয়ালিফাইড বা বিশেষ অধিকার, সুবিধা ও শর্তাবলী সংযুক্ত করার ক্ষমতাও কোম্পানীর থাকবে। কোম্পানী বিভিন্ন সময়ে যেরূপ সিদ্ধান্ত করবে তদানুসারে উপরোক্ত যে-কোন অধিকার পরিবর্তন, সংশোধন বা বাতিল করতে পারবে।"**

গ) পেপার প্রসেসিং এন্ড প্যাকেজিং লিঃ এর সংঘ বিধির ৫ (ক) ধারার বর্ণনা **"কোম্পানীর অনুমোদিত মুলধন ২৫,০০,০০,০০০.০০ (পঁচিশ কোটি) টাকা। প্রতিটি ১০.০০ (দশ) টাকা মূল্যের ২,৫০,০০,০০০ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) শেয়ারে বিভক্ত। উক্ত শেয়ার মূলধন হ্রাস ও বৃদ্ধি করার ক্ষমতা কোম্পানীর থাকবে।"** নিম্ন বর্ণনা দ্বারা প্রতিস্থাপন করা হোক ঃ

**"কোম্পানীর অনুমোদিত মুলধন ৬০,০০,০০,০০০/- টাকা (ষাট কোটি) টাকা যা প্রতিটি ১০/- (দশ) টাকা মূল্যের ৬,০০,০০,০০০ (ছয় কোটি) সাধারণ শেয়ারে বিভক্ত। উক্ত শেয়ার মূলধন হ্রাস ও বৃদ্ধি করার ক্ষমতা কোম্পানীর থাকবে।"**

বোর্ডের আদেশক্রমে

তারিখ: ঢাকা, ০৬ ফেব্রুয়ারী, ২০২২ইং

**মুঃ মুস্তাফিজুর রহমান**
কোম্পানী সচিব

**দ্রষ্টব্য ঃ**

১) যে সকল শেয়ারহোল্ডারগণের নাম রেকর্ড ডেট তথা ২৪ ফেব্রুয়ারী, ২০২২ইং তারিখে কোম্পানিতে সংরক্ষিত শেয়ার রেজিস্টার অথবা ডিপজিটরি রেজিস্টারে লিপিবদ্ধ হবে, উক্ত শেয়ারহোল্ডারগণ বিশেষ সাধারণ সভায় উপস্থিতির অধিকারী হবেন।

২) বিশেষ সাধারণ সভায় উপস্থিতির অধিকারী শেয়ারহোল্ডারগণ তার পক্ষে ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। উল্লেখ্য যে, প্রক্সি নিয়োগের জন্য নোটিশের সাথে সংযুক্ত প্রক্সি ফরম যথাযথভাবে পূরণ করে এবং প্রযোজ্য রেভিনিউ স্ট্যাম্প সংযুক্ত করে বিশেষ সাধারণ সভা শুরু হওয়ার ন্যূনতম ৪৮ ঘন্টা পূর্বে কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে প্রেরণ করতে হবে।

দেশের কথা দশের কথা জানতে পড়ুন

দৈনিক বাংলাদেশের খবর | The Daily Bangladesh News | দৈনিক দিনপরিবর্তন

**Corporate Office:** Magura Group, Plot-314/A, Road-18, Block-E, Bashundhara R/A, Dhaka-1229, Bangladesh, Tel: +88-02-8431092-3, 8431095, Fax: +880-2-8431887, E-mail:ppp@maguragroup.com.bd
**Commercial Office :** BCIC Bhaban (10th Floor), 30-31 Dilkusha C/A, Dhaka-1000, Tel: 7111899, 7119201, 9571601, 9551142, Fax: 88-02-9551142, E-mail: pppl1988@gmail.com